**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী**
**(প্রশাসন শাখা)**

rajshahi.judiciary.gov.bd

আদেশ নং- ৪১ /২৫-জি,

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩২ / ১৭ এপ্রিল ২০২৫

নিম্নস্বাক্ষরকারী বিগত ০৫/৩/২০২৫ ইং তারিখের ২২/২০২৫ জি নং আদেশে এই আদালতের নাজির জনাব মোঃ জয়দুল ইসলামকে ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (খ) বিধির অপরাধ সংঘটন করায় কেন তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবেনা তন্মর্মে কারণ দর্শাইতে বলিলে তিনি বিগত ১৬/৩/২০২৫ ইং তারিখ কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করিয়া জবাবে বর্ণিত কারণে কারণ দর্শানোর দায় হইতে অব্যাহতি প্রদানের প্রার্থনা করিয়াছেন। কিন্তু তাহার দাখিলী জবাবে প্রদর্শিত কারণ আদৌ সন্তোষজনক ও গ্রহণযোগ্য বিবেচিত হয় না। তথাপি ও যেহেতু তিনি অতি শীঘ্র অবসর পরবর্তী ছুটিতে গমন করতঃ চাকুরী হইতে অবসর গ্রহণের প্রস্তুতি গ্রহণ করিতেছেন সেইহেতু তাহাকে তাহার চাকুরীর বাকি সময়ের জন্য বর্ণিতরূপ কার্য সংঘটন হইতে বিরত থাকিতে কঠোরভাবে নির্দেশ প্রদান করিয়া কারণ দর্শানোর দায় হইতে অব্যাহতি প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

১৭/৪/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
গ্রেডেশন নং- ১৬,
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইলঃ districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ১৬৪ /২৫(৫)-জি,

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩২ / ১৭ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল:

১। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা ও দায়রা জজ আদালত, রাজশাহী,
২। জনাব মোঃ জয়দুল ইসলাম, নাজির, জেলা ও দায়রা জজ আদালত, রাজশাহী ও
৩। অফিস কপি।

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
জেলা ও দায়রা জজ আদালত,
রাজশাহী।